চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪৩৪৯, বাংলাদেশ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর নিম্নবর্ণিত স্থায়ী/অস্থায়ী পদসমূহ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| পদের নাম, পদ সংখ্যা ও জাতীয় বেতন স্কেল-২০১৫ | বয়সসীমা |
|---|---|
| ১। সহযোগী অধ্যাপক ঃ<br>ক) সিএসই বিভাগ-১টি পদ। খ) পুরকৌশল বিভাগ-২টি পদ। গ) যন্ত্রকৌশল বিভাগ-১টি পদ । ঘ) ইটিই বিভাগ-১টি পদ।<br>বেতন স্কেলঃ ৫০০০০-৭১২০০/- | সর্বোচ্চ ৪৮ বৎসর |
| ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী-১টি পদ।<br>বেতন স্কেলঃ ৫০০০০-৭১২০০/- | সর্বোচ্চ ৪৮ বৎসর |
| ৩। সহকারী অধ্যাপক ঃ<br>ক) যন্ত্রকৌশল বিভাগ-১টি পদ। খ) পানিসম্পদ কৌশল বিভাগ-১টি পদ। গ) রসায়ন বিভাগ-১টি পদ।<br>ঘ) পুরকৌশল বিভাগ-১টি পদ (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে)।<br>বেতন স্কেলঃ ৩৫৫০০-৬৭০১০/- | সর্বোচ্চ ৪০ বৎসর |
| ৪। ক) সহকারী লাইব্রেরীয়ান-১টি পদ। খ) সহকারী কম্পট্রোলার-১টি পদ।<br>গ) সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)-১টি পদ। ঘ) সহকারী পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ)-১টি পদ।<br>বেতন স্কেলঃ ২৯০০০-৬৩৪১০/- | সর্বোচ্চ ৩৫ বৎসর |
| ৫। প্রভাষক ঃ<br>ক) পুরকৌশল বিভাগ-১টি পদ। খ) যন্ত্রকৌশল বিভাগ-১টি পদ। গ) পানিসম্পদ কৌশল বিভাগ-১টি পদ। ঘ) নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগ-১টি পদ।<br>ঙ) মেকাট্রনিক্স এন্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং বিভাগ-২টি পদ। চ) ইটিই বিভাগ-২টি পদ (১টি স্থায়ী এবং ১টি অধ্যাপক পদের বিপরীতে)। ছ) রসায়ন বিভাগ-১টি পদ।<br>জ) সিএসই বিভাগ-২টি পদ (১টি স্থায়ী এবং ১টি সহযোগী অধ্যাপক পদের বিপরীতে)। ঝ) পদার্থ বিজ্ঞান বিভাগ-২টি পদ (১টি স্থায়ী এবং ১টি সহকারী অধ্যাপক পদের বিপরীতে)। ঞ) গবেষণা প্রভাষক ঃ Center for Environmental Science and Engineering Research (CESER)-১টি পদ ।<br>বেতন স্কেলঃ ২২০০০-৫৩০৬০/- | ১৮-৩০ বৎসর |
| ৬। ক) একাউন্টস অফিসার -২টি পদ। খ) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (IICT)-১টি পদ। গ) সহকারী প্রোগ্রামার-১টি পদ।<br>বেতন স্কেলঃ ২২০০০-৫৩০৬০/- | ১৮-৩০ বৎসর |
| ৭। ক) ইন্টারনেট সার্ভিস অপারেটর (IICT)-১টি পদ । খ) জুনিয়র একাউন্টস্ অফিসার (কম্পট্রোলার অফিস) -১টি পদ। গ) ক্যামরাম্যান-১টি পদ।<br>ঘ) উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ)-১টি পদ (ক্যাড অপারেটর পদের বিপরীতে) (প্রকৌশল দপ্তর)।<br>বেতন স্কেলঃ ১৬০০০-৩৮৬৪০/- | ১৮-৩০ বৎসর |
| ৮। কম্পিউটার অপারেটর-১টি পদ।<br>বেতন স্কেলঃ ১২৫০০-৩০২৩০/- | ১৮-৩০ বৎসর |
| ৯। টেকনিশিয়ান (যন্ত্রকৌশল বিভাগ)-১টি পদ।<br>বেতন স্কেলঃ ১১০০০-২৬৫৯০/- | ১৮-৩০ বৎসর |
| ১০। কেয়ারটেকার-১টি পদ।<br>বেতন স্কেলঃ ১০,২০০-২৪,৬৮০/- | ১৮-৩০ বৎসর |
| ১১। ক) লাইব্রেরী সহকারী-১টি পদ। খ) ইলেকট্রিশিয়ান -১টি পদ।<br>বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/- | ১৮-৩০ বৎসর |
| ১২। ক) অপারেটর (পাম্প)-১টি পদ। খ) অপারেটর (জেনারেটর)-১টি পদ।<br>বেতন স্কেলঃ ৯,০০০-২১,৮০০/- | ১৮-৩০ বৎসর |
| ১৩। বুক সর্টার-১টি পদ।<br>বেতন স্কেলঃ ৮৮০০-২১৩১০/- | ১৮-৩০ বৎসর |
| ১৪। লাইব্রেরী এটেনডেন্ট-কাম গেটম্যান-১টি পদ।<br>বেতন স্কেলঃ ৮৫০০-২০৫৭০/- | ১৮-৩০ বৎসর |
| ১৫। ক) খাদেম -১টি পদ। খ) নিরাপত্তা প্রহরী -১টি পদ। গ) পরিচ্ছন্নতা কর্মী -১টি পদ।<br>ঘ) হেলপার (ইলেকট্রিশিয়ান)(প্রকৌশল দপ্তর)-১টি পদ। ঙ) ওয়ার্ড বয়/আয়া-১টি পদ।<br>বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/- | ১৮-৩০ বৎসর |

ক) ১-৭ নং পদের যোগ্যতা ও অভিজ্ঞতা, শর্তাবলী এবং আবেদনপত্রের নির্ধারিত ফরমেট ওয়েব সাইট www.cuet.ac.bd থেকে সংগ্রহ করা যাবে।

খ) ৮-১৫নং পদের জন্য আবেদন সাদা কাগজে করতে হবে। সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা এবং শর্তাবলী ওয়েব সাইট www.cuet.ac.bd থেকে সংগ্রহ করা যাবে।

গ) ১-৭ নং পদের জন্য ৫০০/- টাকার এবং ৮-১৫ নং পদের জন্য ৩০০/-টাকার সোনালী ব্যাংক লিঃ এর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সোনালী ব্যাংক লিঃ, সি.ইউ.ই.টি. শাখা, চট্টগ্রাম-এর অনুকূলে "রেজিস্ট্রার, CUET, চট্টগ্রাম"-এর বরাবরে আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।

ঘ) ১ নং পদের আবেদনকারীর ১০ (দশ) সেট দরখাস্ত, ২-৭ নং পদের জন্য ৭ (সাত) সেট দরখাস্ত এবং ৮-১৫ নং পদের আবেদনকারীর ০২ (দুই) সেট দরখাস্ত আগামী ১১/০১/২০২২খ্রিঃ তারিখের মধ্যে রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অফিসে অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে।

ঙ) চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বর্ণিত বয়সসীমা প্রযোজ্য নয়।

চ) শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে উচ্চতর ডিগ্রিধারীদের বয়সসীমা শিথিল যোগ্য।

স্বাক্ষরিত-
(প্রফেসর ড. ফারুক-উজ-জামান চৌধুরী)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-চুয়েট/রেজিঃ/পার(নিয়োগ)-২/৩০৮৫(১০) তারিখঃ ২২/১২/২০২১খ্রিঃ।

অনুলিপি প্রেরিত হলঃ-

১। সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
২। রেজিস্ট্রার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়/ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-আপনার প্রতিষ্ঠানে প্রচারের অনুরোধ সহকারে।
৩। সকল বিভাগীয় প্রধান/অফিস প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
৪। পরিচালক, আইআইসিটি, অত্র বিশ্ববিদ্যালয়। উল্লেখিত নিয়োগ বিজ্ঞপ্তি, শর্তাবলী, যোগ্যতা ও অভিজ্ঞতা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে অর্ন্তভূক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহকারে।
৫। ডেপুটি রেজিস্ট্রার (কর্মকর্তা/কর্মচারী সংশ্লিষ্ট), চুয়েট।
৬। ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষক সংশ্লিষ্ট), চুয়েট।
৭। উপ-পরিচালক (জনসংযোগ), উপাচার্যের দপ্তর, চুয়েট। উল্লেখিত বিজ্ঞাপনটি আগামী ২/১ দিনের মধ্যে ২টি জাতীয় পত্রিকায় এবং ১টি স্থানীয় পত্রিকায় প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে।
৮। পিএস-টু-ভিসি, চুয়েট-ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
৯। সকল বিজ্ঞপ্তিফলক, অত্র বিশ্ববিদ্যালয়।
১০। সংরক্ষণ নথি।

স্বাক্ষরিত-
(প্রফেসর ড. ফারুক-উজ-জামান চৌধুরী
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪৩৪৯, বাংলাদেশ।

## কর্মকর্তা ও কর্মচারী পদের যোগ্যতা ও অভিজ্ঞতা

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (জাঃবেঃস্কেঃ ২০১৫) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>বেতন স্কেল ঃ ৫০,০০০-৭১,২০০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে ইঞ্জিনিয়ারিং এ মাস্টার্স ডিগ্রী এবং সহকারী প্রকৌশলী বা সমমানের ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভুক্ত পদে কমপক্ষে ১২ (বারো) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। তন্মধ্যে নির্বাহী প্রকৌশলী বা সমমানের পদে (৬ষ্ঠ গ্রেড বা তদুর্ধ) অবশ্যই ৪ (চার) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০২ | সহকারী কম্পট্রোলার<br>বেতন স্কেলঃ ২৯,০০০-৬৩,৪১০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে বাণিজ্যে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রী এবং ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে একাউন্টস এর কাজে অবশ্যই ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৩ | সহকারী লাইব্রেরীয়ান<br>বেতন স্কেলঃ ২৯,০০০-৬৩,৪১০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে গ্রন্থাগার বিজ্ঞান/গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রী এবং ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে সংশ্লিষ্ট ক্ষেত্রে অবশ্যই ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৪ | সহকারী পরিচালক<br>(পরিকল্পনা ও উন্নয়ন অধিদপ্তর)<br>বেতন স্কেলঃ ২৯,০০০-৬৩,৪১০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে মাস্টার্স/বিএস.সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীসহ পরিকল্পনা/প্রশাসনিক সংক্রান্ত কাজে ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে অবশ্যই ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৫ | সহকারী পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ)<br>বেতন স্কেলঃ ২৯,০০০-৬৩,৪১০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে মাস্টার্স/বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীসহ গবেষণা ও সম্প্রসারণ কাজে ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে অবশ্যই ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৬ | একাউন্টস্ অফিসার<br>বেতন স্কেলঃ ২২,০০০-৫৩,০৬০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে দুইটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪ (চার) বৎসর মেয়াদী বাণিজ্যে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রী সহ হিসাব সংক্রান্ত কাজে অফিসার হিসেবে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা,<br>প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে বাণিজ্যে স্নাতকসহ ১৩তম গ্রেড বা তদুর্ধ গ্রেডভুক্ত পদে হিসাবরক্ষণ কাজে অবশ্যই ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৭ | সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (IICT)<br>বেতন স্কেলঃ ২২০০০-৫৩০৬০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে দুইটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/আইটি/আইসিটি/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী হতে হবে। প্রার্থীকে সংশ্লিষ্ট প্রফেশন্যাল সোসাইটির সহযোগী সদস্য হতে হবে। |
| ০৮ | সহকারী প্রোগ্রামার<br>বেতন স্কেলঃ ২২০০০-৫৩০৬০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে দুইটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/আইটি/আইসিটি/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা ফলিত পদার্থবিজ্ঞান-এ মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে। প্রার্থীকে সংশ্লিষ্ট প্রফেশন্যাল সোসাইটির সহযোগী সদস্য হতে হবে। |
| ০৯ | ইন্টারনেট সার্ভিস অপারেটর<br>বেতন স্কেলঃ ১৬,০০০-৩৮,৬৪০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান/কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট টেকনোলজিতে ডিপ্লোমাধারী হতে হবে।<br>অথবা<br>প্রার্থীকে শিক্ষাজীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বি.এসসি পাশ এবং সংশ্লিষ্ট কাজে অবশ্যই ৯ (নয়) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>প্রার্থীকে শিক্ষাজীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান/বোর্ড হতে এস.এস.সি/সমমান পাশসহ অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান/কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বৎসর মেয়াদী ট্রেডকোর্স সম্পন্ন হতে হবে এবং সংশ্লিষ্ট কাজে অবশ্যই ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>প্রার্থীকে শিক্ষাজীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান/বোর্ড হতে এইচ.এস.সি. (বিজ্ঞান/ভোকেশনাল) পাশসহ সংশ্লিষ্ট কাজে অবশ্যই ১১ (এগারো) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১০ | উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ)<br>বেতন স্কেলঃ ১৬,০০০-৩৮,৬৪০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান/কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চে ডিপ্লোমাধারী হতে হবে।<br>অথবা<br>প্রার্থীকে শিক্ষাজীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বি.এসসি পাশ এবং সংশ্লিষ্ট কাজে অবশ্যই ৯ (নয়) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>প্রার্থীকে শিক্ষাজীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান/বোর্ড হতে এস.এস.সি. সমমান পাশসহ অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান/কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বৎসর মেয়াদী ট্রেডকোর্স সম্পন্ন হতে হবে এবং সংশ্লিষ্ট কাজে অবশ্যই ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১১ | জুনিয়র একাউন্টস্ অফিসার<br>বেতন স্কেলঃ ১৬,০০০-৩৮,৬৪০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে বাণিজ্যে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। অর্থ, অডিট, হিসাব ও বাজেটের কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>অথবা<br>প্রার্থীকে শিক্ষাজীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে বাণিজ্যে স্নাতক ডিগ্রি এবং হিসাবরক্ষণ কাজে ১৩তম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে অবশ্যই ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১২ | ক্যামেরাম্যান<br>বেতন স্কেলঃ ১৬,০০০-৩৮,৬৪০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে কমপক্ষে স্নাতক ডিগ্রিসহ কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে ক্যামেরা চালনায় ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>প্রার্থীকে শিক্ষাজীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত বোর্ড/ শিক্ষা প্রতিষ্ঠান হতে নূন্যতম এইচ.এস.সি পরীক্ষায় পাসসহ ক্যামেরা চালনার কাজে ৭ (সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |

| | | |
|---|---|---|
| ১৩ | কম্পিউটার অপারেটর<br>বেতন স্কেলঃ ১২,৫০০-৩০,২৩০/- | (a) Graduate from any recognized University with 3 (Three) years experience in Government/Autonomous organization. Preference will be given to the candidates having experience in higher educational institution and/or research organization.<br>(b) Minimum Typing speed 30 & 40 words per minutes in Bengali and English respectively. Candidate must have Computer literacy. |
| ১৪ | টেকনিশিয়ান (যন্ত্রকৌশল)<br>বেতন স্কেলঃ ১১০০০-২৬৫৯০/- | প্রার্থীকে বি.এসসি পাস ও সংশ্লিষ্ট বিষয়ে ট্রেনিং প্রাপ্ত<br>অথবা<br>এইচ.এস.সি (বিজ্ঞান/ভোকেশন্যাল) পাস এবং সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ৪ বৎসরের অভিজ্ঞতা<br>অথবা<br>এস.এস.সি পাস (বিজ্ঞান) এবং কারিগরি শিক্ষা বোর্ড হইতে ২ বৎসর মেয়াদী সংশ্লিষ্ট কোর্সে ট্রেড সার্টিফিকেটসহ ন্যূনতম ৫ বৎসরের অভিজ্ঞতা<br>অথবা<br>এস.এস.সি (ভোকেশন্যাল) সহ ন্যূনতম ৮ বৎসরের অভিজ্ঞতা<br>অথবা<br>প্রার্থীকে মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় পাশসহ কোন সরকারী বা বিশ্ববিদ্যালয় স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট টেকনোলজীতে কমপক্ষে ৬ মাসের ট্রেড কোর্স পাশ এবং সংশ্লিষ্ট লাইনে ন্যূনতম ১০ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। |
| ১৫ | কেয়ারটেকার<br>বেতন স্কেলঃ ১০,২০০-২৪,৬৮০/- | প্রার্থীর কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি থাকতে হবে।<br>**অথবা**<br>প্রার্থীর কোন অনুমোদিত বোর্ড/প্রতিষ্ঠান হতে এইচ.এস.সি/সমমান পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>কম্পিউটার টাইপিং (বাংলা ও ইংরেজী) দক্ষতাসহ কম্পিউটার পরিচালনায় বাস্তব জ্ঞান থাকিতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ১৬ | লাইব্রেরী সহকারী<br>বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/- | প্রার্থীর কোন অনুমোদিত বোর্ড হইতে এইচ এস সি বা সমমানের পরীক্ষায় পাস সহ লাইব্রেরী সায়েন্স এ ৬ মাস মেয়াদী লাইব্রেরী এসোসিয়েশন অব বাংলাদেশ হইতে সার্টিফিকেট কোর্স পাস থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশীট ইত্যাদি সফট্‌ওয়্যার জানা প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। |
| ১৭ | ইলেকট্রিশিয়ান<br>বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/- | এস.এস.সি বা সমমানের পরীক্ষায় পাশসহ সরকার অনুমোদিত কোন কারিগরী প্রশিক্ষন কেন্দ্র হতে সংশ্লিষ্ট লাইনে কমপক্ষে ৬ মাসের ট্রেড কোর্স পাশ হতে হবে।<br>অথবা<br>৮ম শ্রেণী পাশসহ সরকার অনুমোদিত কোন কারিগরী প্রশিক্ষন কেন্দ্র হতে সংশ্লিষ্ট লাইনে কমপক্ষে ১ বছর মেয়াদী ট্রেড কোর্স পাশ হতে হবে।<br>উভয় ক্ষেত্রে বি-গ্রেড লাইসেন্স ধারীদের ৩ বছরের অভিজ্ঞতা, সি-গ্রেড লাইসেন্স ধারীদের ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৮ | অপারেটর (পাম্প/জেনারেটর)<br>বেতন স্কেলঃ ৯,০০০-২১,৮০০/- | সংশ্লিষ্ট বিষয়ে ভোকেশনাল স্কুল পাশ সহ সংশ্লিষ্ট বিষয়ে ১ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>প্রার্থীকে ২ বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেট সহ সংশ্লিষ্ট লাইনে ১ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>৬ মাস মেয়াদী সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স পাশ সহ ৫ বৎসরের সংশ্লিষ্ট লাইনে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>প্রার্থীকে ৮ম শ্রেণী পাশ সহ সংশ্লিষ্ট লাইনে ৬ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৯ | বুক সর্টার<br>বেতন স্কেলঃ ৮৮০০-২১৩১০/- | প্রার্থীর কোন অনুমোদিত বোর্ড হইতে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় পাস সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২০ | লাইব্রেরী এটেনডেন্ট-কাম গেটম্যান<br>বেতন স্কেলঃ ৮৫০০-২০৫৭০/- | কিছু বাস্তব অভিজ্ঞতা সহ ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এস,এস,সি পাশ হইতে হইবে। |
| ২১ | খাদেম<br>বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/- | প্রার্থীকে কমপক্ষে ৮ম শ্রেণী বা সমমান পাশ হতে হবে। কোন মসজিদে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। বিশুদ্ধ কোরআন তেলওয়াতে সক্ষমতা থাকতে হবে। মোয়াজ্জিনের অনুপস্থিতিতে অবশ্যই মোয়াজ্জিনের দায়িত্ব পালনে সক্ষম হতে হবে। মসজিদ ও সংশ্লিষ্ট এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য সক্ষমতা থাকতে হবে। |
| ২২ | নিরাপত্তা প্রহরী<br>বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/- | প্রার্থীকে ৮ম শ্রেণী পাশসহ বিশ্বস্ত, ভাল স্বাস্থ্য এবং শক্ত কাজ করার সামর্থ সম্পন্ন হতে হবে। সেনাবাহিনী/বিডিআর/পুলিশ বাহিনী/ ভিডিপি/আনসার-এর প্রশিক্ষন প্রাপ্ত/অবসর প্রাপ্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থীকে (৪০ বৎসরের উর্দ্ধে নয়) অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ২৩ | পরিচ্ছন্নতাকর্মী<br>বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/- | প্রার্থীকে ৫ম শ্রেণী পাশসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। |
| ২৪ | হেলপার (ইলেকট্রিশিয়ান)<br>(প্রকৌশল দপ্তর)<br>বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/- | প্রার্থীকে সংশ্লিষ্ট শাখায় ট্রেড সার্টিফিকেট কোর্স সম্পন্ন হইতে হইবে অথবা সংশ্লিষ্ট বিষয়ে খ্যাতনামা কোন ফার্ম বা প্রতিষ্ঠানে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। |
| ২৫ | ওয়ার্ড বয়/আয়া<br>বেতন স্কেলঃ ৮,২৫০-২০,০১০/- | প্রার্থীকে ২য় বিভাগ/সমমান গ্রেডসহ এস.এস.সি/ সমমান পাশ হতে হবে।<br>কোন সরকারি হাসপাতাল/প্রতিষ্ঠিত বেসরকারি হাসপাতাল অথবা প্রতিষ্ঠিত ক্লিনিকে সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |

স্বাক্ষরিত-
(প্রফেসর ড. ফারুক-উজ-জামান চৌধুরী)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

**-ঃ শিক্ষক পদে (Teaching post) আবেদন করার শর্তাবলী ঃ-**

১। নির্ধারিত আবেদনপত্রে (PRESCRIBED APPLICATION FORM) এবং শিক্ষক পদের জন্য নির্ধারিত CV Format-এ দরখাস্ত করতে হবে। সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত MPQ ও অন্যান্য সাধারণ শর্তাবলী প্রযোজ্য হবে।

২। আবেদনপত্রের সহিত পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, সকল স্তরের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং শেষ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক চারিত্রিক সনদপত্রের সত্যায়িত কপিসহ অধ্যাপক/সহযোগী অধ্যাপক পদের জন্য প্রকাশনাসমূহের পূর্নাঙ্গ কপিসহ ১০ (দশ) সেট এবং সহকারী অধ্যাপক/প্রভাষক/গবেষণা প্রভাষক পদের জন্য ৭ (সাত) সেট দরখাস্ত আগামী ১১/০১/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অফিসে অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে।

৩। আবেদনপত্রের সহিত ৫০০/- (পাঁচশত) টাকার শুধুমাত্র সোনালী ব্যাংক লিঃ এর ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার সোনালী ব্যাংক লিঃ, সি.ইউ.ই.টি.শাখা, চট্টগ্রাম-এর অনুকূলে ''রেজিস্ট্রার, CUET, চট্টগ্রাম"-এর বরাবরে জমা দিতে হবে।

৪। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্র গ্রহণের শেষ দিনে সংশ্লিষ্ট প্রার্থীর যাচিত ডিগ্রী অর্জন ও অভিজ্ঞতা পূর্ণ না হলে আবেদন করার প্রয়োজন নেই। অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত বাতিল যোগ্য। আবেদন পত্র জমা দানের শেষ দিনের পর কোন অবস্থাতেই আবেদন পত্র প্রেরণের যে কোন মাধ্যমের আবেদন গ্রহণ যোগ্য হবে না। ডাক ও কুরিয়ার সার্ভিস ইত্যাদির বিলম্বের কারণে বিলম্বে প্রাপ্ত আবেদন গ্রহণ যোগ্য হবে না।

৫। কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত/সকল দরখাস্ত কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৬। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেয়া হবে না।

৭। বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয় ব্যতীত দেশের ভিতরে বা বাহিরে অন্য কোন বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান থেকে অর্জিত ডিগ্রী বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের Equivalence কমিটির মাধ্যমে সমতা যাচাই পূর্বক জমা দিতে হবে। বাংলা/ইংরেজি ব্যতীত অন্য কোন ভাষার সার্টিফিকেটের সঙ্গে ইংরেজি (Authorized) Translated কপি সংযুক্ত করতে হবে।

৮। আবেদন পত্র জমা দানের জন্য ঘোষিত শেষ দিন পর্যন্ত অভিজ্ঞতা গণনা করা হবে।

স্বাক্ষরিত-
(প্রফেসর ড. ফারুক-উজ-জামান চৌধুরী)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

## ঃ কর্মকর্তা নিয়োগের সাধারণ শর্তাবলী ঃ

(জাতীয় বেতন স্কেলের ১০ গ্রেড এবং তদুর্ধ্ব)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা নিয়োগের Minimum Prescribed Qualification (MPQ) এ বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সাধারণ ভাবে সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা হিসেবে বিবেচিত হবে। তবে নিম্নবর্ণিত শর্তাবলী সংশ্লিষ্ট পদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

১। নির্ধারিত আবেদনপত্রে (PRESCRIBED APPLICATION FORM) এবং অফিসার পদের জন্য নির্ধারিত ফরমেটে দরখাস্ত করতে হবে। সংশ্লিষ্ট পদের জন্য অনুমোদিত MPQ ও সাধারণ শর্তাবলী প্রযোজ্য হবে।

২। আবেদনপত্রের সহিত পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র /ট্রান্সক্রিপ্ট, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং শেষ শিক্ষা প্রতিষ্ঠানের দেয়া চারিত্রিক সনদপত্র (Testimonial) ইত্যাদির সত্যায়িত কপিসহ ৭ (সাত) সেট দরখাস্ত আগামী **১১/০১/২০২২খ্রিঃ** তারিখের মধ্যে রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অফিসে অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে।

৩। আবেদন পত্রের সঙ্গে ৫০০/- (পাঁচশত) টাকার সোনালী ব্যাংক লিঃ এর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সোনালী ব্যাংক লিঃ, সি.ইউ.ই.টি. শাখা, চট্টগ্রাম-এর অনুকূলে ''রেজিস্ট্রার, CUET, চট্টগ্রাম" এর বরাবরে জমা দিতে হবে।

৪। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন অগ্রনীতকরণ পত্রে এবং অভিজ্ঞতার সনদে (যদি থাকে) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষরের নিচে সংশ্লিষ্ট কর্মকর্তার নাম, পদবী ও সঠিক টেলিফোন নম্বর/মোবাইল নম্বর (হাল সময়ের) অবশ্যই উল্লেখ থাকতে হবে। অন্যথায় উক্ত অভিজ্ঞতা গৃহীত হবে না।

৫। দৈনিক ভিত্তিক (মাস্টার রোল)/খন্ডকালীন কাজের অভিজ্ঞতা কোন পদের জন্য অভিজ্ঞতা হিসাবে বিবেচিত হবে না। তবে, এই বিশ্ববিদ্যালয়ে দৈনিক ভিত্তিতে (মাস্টার রোল) কর্মরত প্রার্থী (যদি থাকে) কোন প্রকার বিরতি ছাড়াই কর্মরত থাকলে এবং তাঁর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উক্ত মর্মে প্রত্যায়ন পত্র প্রদান করলে অভিজ্ঞতার বিষয়টি বিবেচিত হতে পারে। এছাড়া, অস্থায়ীভাবে নিয়োজিত প্রার্থী বিরামহীনভাবে কর্মরত থাকলে অভিজ্ঞতা হিসাবে বিবেচিত হবে।

৬। অভিজ্ঞতা বলতে সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা/সেক্টর কর্পোরেশন ইত্যাদি প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাকে বুঝাবে। কোন প্রাইভেট/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান বা এনজিও-র কাজের অভিজ্ঞতাকে অভিজ্ঞতা হিসেবে গণ্য করা হবে না।

৭। কোন প্রার্থীর সংশ্লিষ্ট পদের নির্ধারিত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতায় অর্জিত জিপিএ ২.৫০ এর কম থাকলে পরবর্তীতে উক্ত পদে চাকুরী হলে তার ঐ ডিগ্রী এই বিশ্ববিদ্যালয়ের অন্য কোন পদে নিয়োগ/আপগ্রেডেশন/পদোন্নতি এর ক্ষেত্রে গৃহীত হবে না। এছাড়া, চাকুরী হওয়ার পর কর্তৃপক্ষের অনুমতিক্রমে অংশগ্রহণকৃত কোন পরীক্ষার ফলাফলে জিপিএ ২.৫০ এর কম হলে উক্ত ডিগ্রী এই বিশ্ববিদ্যালয়ে কোন পদের আবেদন/আপগ্রেডিং/পদোন্নতি-এর ক্ষেত্রে গৃহীত হবে না।

৮। কোন প্রার্থীর এই বিশ্ববিদ্যালয়ে **১ম** যোগদানের সময় সংশ্লিষ্ট পদের যাচিত শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলে এবং তা আবেদনপত্রে উল্লেখ না করলে পরবর্তীতে চাকুরী হওয়ার পর তার ঐ ডিগ্রী এই বিশ্ববিদ্যালয়ের কোন পদের চাকুরীর আবেদন/আপগ্রেডিং/পদোন্নতির ক্ষেত্রে গৃহীত হবে না। এ ছাড়াও এই বিশ্ববিদ্যালয়ে চাকুরীরত অবস্থায় কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কেউ উচ্চতর ডিগ্রী অর্জন করলে তার ঐ ডিগ্রী বিশ্ববিদ্যালয়ের কোন পদের চাকুরীর আবেদন/আপগ্রেডিং/পদোন্নতির ক্ষেত্রে গৃহীত হবে না। তবে চাকুরী হওয়ার পূর্বে কেহ উচ্চতর ডিগ্রীতে অধ্যয়নরত থাকলে এবং বিষয়টি আবেদনে উল্লেখ থাকলে, চাকুরী হওয়ার পর তার আবেদন ও প্রাপ্ত ডিগ্রীর ফলাফলের ভিত্তিতে মূল্যায়িত হবে।

৯। কোন পদের শিক্ষাগত যোগ্যতায় চাহিত GPA এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে শিথিল যোগ্য। এই শিথিলতা শুধুমাত্র ২৪/০৭/২০১৩ খ্রিঃ তারিখের পূর্বে এই বিশ্ববিদ্যালয় অথবা বিআইটি, চট্টগ্রামে যোগদানকৃতদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া ২৪/০৭/২০১৩ খ্রি: তারিখের পর থেকে এই নীতিমালা অনুমোদনের পূর্ব পর্যন্ত যে সকল অভ্যন্তরীণ প্রার্থী সংশ্লিষ্ট পদের আবশ্যিক ডিগ্রি/পরীক্ষায় চাহিত জিপিএ/সমমান পূরন করে চাকুরীতে যোগদান করেছেন তাদের ক্ষেত্রেও MPQ তে চাহিত জিপিএ/সমমান শিথিল যোগ্য।

১০। আবেদনপত্র জমাদানের শেষ দিন ঘোষিত তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট প্রার্থীর বয়স, অভিজ্ঞতা, অর্জিত ডিগ্রী/প্রশিক্ষণ ইত্যাদির সময়কাল গণনাযোগ্য হবে। আবেদন পত্র জমা দানের শেষ দিনের পর কোন অবস্থাতেই আবেদন পত্র প্রেরনের যে কোন মাধ্যমের আবেদন গ্রহন যোগ্য হবে না। ডাক ও কুরিয়ার সার্ভিস ইত্যাদির বিলম্বের কারণে বিলম্বে প্রাপ্ত আবেদন গ্রহন যোগ্য হবে না।

১১। লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা/সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেয়া হবে না।

১২। এই বিশ্ববিদ্যালয়ের বর্তমানে কোন কোটা সংরক্ষনের অনুমোদিত নিয়ম নেই।

১৩। আবেদনপত্র গ্রহনের শেষ দিনে সংশ্লিষ্ট প্রার্থীর যাচিত ডিগ্রী অর্জন ও অভিজ্ঞতা পূর্ণ না হলে আবেদন করার প্রয়োজন নেই।

স্বাক্ষরিত-
(প্রফেসর ড. ফারুক-উজ-জামান চৌধুরী)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪৩৪৯, বাংলাদেশ।

**-ঃ কর্মচারী পদে আবেদন করার শর্তাবলী ঃ-**

১। আগ্রহী প্রার্থীদেরকে সাদা কাগজে প্রার্থীর জীবন-বৃত্তান্ত (প্রার্থীত পদের নাম, নিজের নাম, পিতার নাম,মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা) ও মোবাইল নম্বর (যদি থাকে) সহ ০২ (দুই) সেট আবেদন পত্র দাখিল করতে হবে।

২। আবেদনপত্রের সহিত পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতা, সনদপত্র, নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং শেষ শিক্ষা প্রতিষ্ঠানের দেয়া চারিত্রিক সনদপত্র (Testimonial) ইত্যাদির সত্যায়িত কপিসহ ২ (দুই) সেট দরখাস্ত আগামী **১১/০১/২০২২** খ্রিঃ তারিখের মধ্যে রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অফিসে অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে।

৩। আবেদনপত্রের সহিত ৩০০/- (তিনশত) টাকার সোনালী ব্যাংক লিঃ এর ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার সোনালী ব্যাংক লিঃ, সি.ইউ.ই.টি. শাখা, চট্টগ্রাম-এর অনুকূলে ''রেজিস্ট্রার, CUET, চট্টগ্রাম''-এর বরাবরে জমা দিতে হবে।

৪। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নেই। অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত বাতিল যোগ্য।

৫। কর্মকর্তা/কর্মচারী কোন পদের যোগ্যতায় কোন প্রার্থীর পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি/বিভাগ/সমতুল্য জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। কেবলমাত্র অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে এ বিশ্ববিদ্যালয়/বিআইটিতে যোগদানের পূর্বে পাবলিক পরীক্ষায় প্রাপ্ত শ্রেণি বিভাগ (Unattainable) সারা চাকুরী জীবনে কেবল মাত্র ০১ (এক) বারের জন্য শিথিলযোগ্য।

৬। প্রার্থীর কোন সংশ্লিষ্ট পদের নির্ধারিত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতায় অর্জিত ৩য় শ্রেণি/বিভাগ বা সমতুল্য গ্রেড থাকলে পরবর্তীতে চাকুরী হওয়ার পর তার ঐ ডিগ্রী এই বিশ্ববিদ্যালয়ের কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে গৃহীত হবে না।

৭। কোন প্রার্থীর অত্র বিশ্ববিদ্যালয়ে **১ম** যোগদানের সময় সংশ্লিষ্ট পদের যাচিত শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলে এবং তা আবেদন পত্রে উল্লেখ না করলে পরবর্তীতে চাকুরী হওয়ার পর তার ঐ ডিগ্রী এই বিশ্ববিদ্যালয়ের কোন পদের চাকুরীর আবেদন/আপগ্রেডিং/অনুপার্জিত ইনক্রিমেন্টের ক্ষেত্রে গৃহীত হবে না। তবে অত্র বিশ্ববিদ্যালয়ে চাকুরিরত অবস্থায় কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ৯ম বা তদুর্ধ গ্রেডের কেহ উচ্চতর ডিগ্রী অর্জন করলে এবং দাপ্তরিক কাজের সংশ্লিষ্ট হলে বিশ্ববিদ্যালয়ের চাকুরির আবেদন/ আপগ্রেডিং/ অনুপার্জিত ইনক্রিমেন্টের ক্ষেত্রে অর্জিত ডিগ্রী গৃহীত হবে।

৮। অভিজ্ঞতা বলতে সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা/সেক্টর কর্পোরেশন ইত্যাদি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা বুঝাবে। কোন প্রাইভেট/ব্যক্তি মালিকাধীন প্রতিষ্ঠান বা এনজিও-র কাজের অভিজ্ঞতাকে অভিজ্ঞতা হিসেবে গণ্য করা হবে না।

৯। লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা/সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেয়া হবে না।

১০। আবেদন পত্র জমা দানের জন্য ঘোষিত শেষ দিন পর্যন্ত অভিজ্ঞতা গণনা করা হবে। আবেদন পত্র জমা দানের শেষ দিনের পর কোন অবস্থাতেই আবেদন পত্র প্রেরনের যে কোন মাধ্যমের আবেদন গ্রহণ যোগ্য হবে না। ডাক ও কুরিয়ার সার্ভিস ইত্যাদির বিলম্বের কারণে বিলম্বে প্রাপ্ত আবেদন গ্রহণ যোগ্য হবে না।

১১। আবেদনপত্র গ্রহনের শেষ দিনে সংশ্লিষ্ট প্রার্থীর যাচিত ডিগ্রী অর্জন ও অভিজ্ঞতা পূর্ণ না হলে আবেদন করার প্রয়োজন নেই।

১২। এই বিশ্ববিদ্যালয়ের বর্তমানে কোন কোটা সংরক্ষনের অনুমোদিত নিয়ম নেই।

স্বাক্ষরিত-
(প্রফেসর ড. ফারুক-উজ-জামান চৌধুরী)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।